বরগুনায় সংগ্রাম’র আয়োজনে ঘূর্ণিঝড় রিমালে ক্ষতিগ্রস্তদের মাঝে সহায়তা প্রদান শুরু

বরগুনা- বরগুনা সদর উপজেলার ৩নং ফুলঝুড়ি ইউনিয়নে ঘূর্ণিঝড় রিমালে ক্ষতিগ্রস্ত ৫০ পরিবারকে গৃহ মেরামত ও বাড়ির আঙিনায় বাগান করার শর্তে প্রথম পর্বে নগদ ৮ হাজার টাকা করে মোট ৪ লাখ টাকা প্রদান করেছে সংগ্রাম (সংগঠিত গ্রামোন্নয়ন কর্মসূচি)।

এ উপলক্ষে বুধবার (১৪ জুলাই) দুপুর ২ টার দিকে বরগুনা সদর উপজেলা পরিষদ মিলনায়তনে ভুক্তভোগী পরিবারের হাতে নগদ অর্থ তুলে দেন অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান মোঃ মনিরুল ইসলাম, সদর উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) মোঃ শামীম মিঞা, প্রেসক্লাব’র সাধারণ সম্পাদক জাফর হোসেন হাওলাদার, সংগ্রাম এর নির্বাহী পরিচালক চৌধূরী মুনীর হোসেন। এসময় ৩নং ফুলঝুড়ি ইউনিয়নের ৪ নং ওয়ার্ড মেম্বার মোঃ নাসির মিয়া ও ৫ নং ওয়ার্ড মেম্বার মোঃ শামিম উপস্থিত ছিলেন।

প্রকল্প সম্পর্কে সকলকে অবহিত করে বক্তব্য রাখেন- প্রকল্প কর্মকর্তা মোঃ নুরুজ্জামান। এসময় সার্বিক সহযোগিতা করেন প্রকল্পের ফিল্ড ফেসিলেটেটর মোঃ জুবায়ের।

গৃহ মেরামত ও বাড়ির আঙিনায় বাগানের কাজ শুরুর পরপরই দেয়া হবে দ্বিতীয় পর্বে পঞ্চাশ পরিবারকে ৫ হাজার টাকা করে মোট ২ লাখ ৫০ হাজার টাকা। এসহ গৃহ মেরামত ও বাড়ির আঙিনায় বাগান করার জন্য ৫০টি ক্ষতিগ্রস্ত পরিবারকে মোট ৬ লাখ ৫০ হাজার টাকা অনুদান প্রদান করা হবে।

Network for Empowered Aid Response NEAR Change Fund এর সহযোগিতায় বাংলাদেশের দক্ষিণ-পশ্চিম উপকূলে ঘূর্ণিঝড় রিমালে ক্ষতিগ্রস্থ জনগোষ্ঠীর সহায়তা কার্যক্রম নামে প্রকল্পের অধীনে বাস্তবায়নকারী সংস্থা সংগ্রাম এ সহায়তা প্রদান করে।National Alliance for Humanitarian Actors in Bangladesh (NAHAB) এর কারিগরি সহায়তা করে কসসোর্টয়াম প্রকল্পের লীড এনজিও দ্বীপ

উন্নয়ন সংস্থা ।

রিমালে সম্পূর্ণ ও আংশিক ক্ষতিগ্রস্থ হয়েছে; এমন বসতবাড়ি, টিউবওয়েল, টয়লেট, পুকুর, মৎস্য সম্পদ, গবাদি পশুর খামার, হাঁস-মুরগির খামারী জনগোষ্ঠীকে এ প্রকল্পের আওতাভুক্ত করা হয়েছে।

এ প্রকল্পের মাধ্যমে একটি পুকুর খনন ও পানি বিশুদ্ধ করন, ৩০টি গভীর নলকুপ মেরামত, ৪০টি পরিবারকে টয়লেট নির্মাণ ও পুনঃনির্মান করার কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এতে মোট ৩৯ লাখ ৫৮ হাজার টাকার সহায়তা প্রদান করা হবে। প্রকল্পটি ১ জুলাই ২০২৪ থেকে ৩০ সেপ্টেম্বর ২০২৪ পর্যন্ত ৩নং ফুলঝুড়ি ইউনিয়নে কাজ করবে।

উল্লেখ্য, প্রকল্পে উপকারভোগী নির্বাচনে অগ্রাধিকার পেয়েছেন-ক্ষতিগ্রস্ত পরিবার, গর্ভবতী মহিলা, দুগ্ধদানকারী মহিলা, বৃদ্ধ-বৃদ্ধা, তালাকপ্রাপ্ত/বিবাহ বিচ্ছেদ, বিধবা/বিপত্নীক, নারী প্রধান পরিবার, প্রতিবন্ধী, শিশু প্রধান পরিবার, দীর্ঘ মেয়াদী রোগে আক্রান্ত ও দলিত/হিজড়া/মান্তা।